১৯ আগস্ট, ২০২৬

# মধ্যপ্রাচ্য থেকে যুক্তরাষ্ট্রের প্রস্থান এখন সময়ের অপেক্ষা: গালিবাফ



ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে তৈরি হওয়া নতুন আঞ্চলিক বাস্তবতায় বিদেশি শক্তিগুলোর রাজনৈতিক ও সামরিক প্রভাব ক্রমেই কমছে বলে মন্তব্য করেছেন ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। তার দাবি, পরিবর্তিত পরিস্থিতিতে যুক্তরাষ্ট্র এখন মধ্যপ্রাচ্য থেকে সম্মানজনকভাবে সরে যাওয়ার পথ খুঁজছে।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে গালিবাফ ২০২০ সালে বাগদাদে মার্কিন ড্রোন হামলায় নিহত ইরানের কুদস ফোর্সের প্রধান জেনারেল কাসেম সোলাইমানি এবং ইরাকের পপুলার মোবিলাইজেশন ফোর্সেসের (পিএমএফ) কমান্ডার আবু মাহদি আল-মুহান্দিসকে স্মরণ করেন।

পোস্টে তিনি তাদের উদ্দেশে লেখেন, আজকের দৃশ্যমান পরিবর্তন তাদের দীর্ঘদিনের সংগ্রাম ও আত্মত্যাগের ফল।

ইরানি স্পিকার আরও বলেন, মধ্যপ্রাচ্যে গড়ে উঠতে থাকা নতুন আঞ্চলিক ভারসাম্যের কারণে অভ্যন্তরীণ ও দ্বিপক্ষীয় বিষয়ে বিদেশি শক্তিগুলোর হস্তক্ষেপের সুযোগ ধীরে ধীরে সীমিত হয়ে আসছে।

গালিবাফের দাবি, এ পরিবর্তনের ফলে অঞ্চলটির রাজনৈতিক বাস্তবতায় বিদেশি শক্তির প্রভাব আগের তুলনায় অনেকটাই সংকুচিত হয়েছে।

এ সময় ইসরায়েলের ভূখণ্ড সম্প্রসারণের পরিকল্পনারও সমালোচনা করেন তিনি। নদী থেকে সাগর পর্যন্ত ভূখণ্ড বিস্তারের যে ঐতিহাসিক পরিকল্পনার কথা বলা হয়, সেটি এখন বাস্তবায়নের সম্ভাবনা থেকে অনেক দূরে এবং কার্যত একটি দিবাস্বপ্নে পরিণত হয়েছে বলে মন্তব্য করেন ইরানের পার্লামেন্ট স্পিকার।

LENS ASIA